গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১৯.১৯/ তাং------------------------- /১৪২৮বঙ্গাব্দ। /২০২১খ্রীষ্টাব্দ।

**বিজ্ঞপ্তি**

যেহেতু, জনাব কাজী মোঃ মশিউর রহমান, পিতা-কাজী মোঃ মোজাহারুল হক, সিনিয়র স্টাফ নার্স, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর এর বিরুদ্ধে তার স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ৩০/০৭/২০১৯খ্রিঃ তারিখের রচিমহা/রং/প্রশাঃ/২০১৯/২২৬৩ নং স্মারকে অভিযোগ প্রেরণ করা হয় যে, তিনি গত জাতীয় সংসদ নির্বাচন/২০১৮-এর নির্বাচনী হলফ নামায় পেশা চাকরিজীবী গোপন রেখে ব্যবসা উল্লেখ করে নির্বাচনী এলাকা গাইবান্ধা-৪ (গোবিন্দগঞ্জ) আসনে লাঙ্গল প্রতীক নিয়ে জাতীয় সংসদ নির্বাচনে অংশ গ্রহণ করেন। তিনি সরকারি কর্মচারি (আচরণ) বিধিমালা, ১৯৭৯ লঙ্ঘন করেছেন বিধায় উক্ত অভিযোগের প্রেক্ষিতে তাকে ০৩/০৯/২০১৯খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১৯.১৯-৩৪৮ নং স্মারকে কৈফিয়ত তলব করা হয়। উক্ত কৈফিয়ত তলবে তার ১২/০৯/২০১৯ খ্রিঃ তারিখ দাখিলকৃত জবাব সন্তোষজনক না হওয়ায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণের দায়ে ১৩/১০/২০১৯খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১৯.১৯/১৮৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগ বিবরণীসহ অভিযোগনামা তার ঠিকানায় প্রেরণ করা হয়।

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামার কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে ৩০/১০/২০১৯খ্রিঃ তারিখ তার দাখিলকৃত জবাব মোতাবেক ০৩/১২/২০১৯খ্রিঃ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়।

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানীর বক্তব্য সন্তোষজনক নয় বিধায় দায়েরকৃত বিভাগীয় মামলাটি সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি অনুযায়ী তদন্তের জন্য এ অধিদপ্তররের ১১/০৬/২০২০খ্রিঃ তারিখের ৪৫.০৩ .০০০০.০০৭.২৭.১১৯.১৯/২৭ নং স্মারকে ০৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত বোর্ড গঠন করা হয়।

৪। যেহেতু, তদন্ত বোর্ড কর্তৃক ৩১/০৮/২০২০খ্রিঃ তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণের দায়ে দোষী প্রমাণিত হয়েছেন।

৫। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত হওয়ায় তাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী "সরকারি চাকরি থেকে বরখাস্ত" (Dismissal) কারার নিমিত্ত গ্রহণকৃত সিদ্ধান্ত ৩০/১১/২০২০খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১৯.১৯-২৫০ নং স্মারকে তাকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের মাধ্যমে অবহিত করা হয় এবং কেন তাকে সরকারি চাকরি থেকে বরখাস্ত করা হবে না তার লিখিত জবাব একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক প্রেরণ করার জন্য উক্ত দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ তার ঠিকানায় প্রেরণ করা হয়।

৬। যেহেতু, অভিযুক্তকে ৩০/১১/২০২০খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১৯.১৯-২৫০ নং স্মাকে জারিকৃত দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে তার ০৯/১২/২০২০খ্রিঃ তারিখ দাখিলকৃত জবাব সন্তোষজনক না হওয়ায় তাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা,২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী সরকারি চাকরি থেকে বরখাস্ত করার নিমিত্ত বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সম্মতি গ্রহণের জন্য এ অধিদপ্তররের ২১/০১/২০২১খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১৯.১৯-৫১ নং স্মারকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করা হয়।

৭। যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগের ৩০/০৬/২০২১খ্রিঃ তারিখের ৪৫.০০.০০০০.১৭৩.২৭.০১২ .১৯-৩৮ নং স্মারকে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ০১/০৬/২০২১খ্রিঃ তারিখের ৮০.০০.০০০০.১০৭.০৪.০০২.২১.৬ নং স্মারকের সম্মতি পত্র প্রেরণ করা হয়েছে।

৮। যেহেতু, বালাদেশ সরকারি কর্ম কমিশনের ০১/০৬/২০২১খ্রিঃ তারিখের ৮০.০০.০০০০.১০৭.০৪.০০২.২১.৬ নং স্মারকে প্রেরিত মতামতের প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের ৩০/০৬/২০২১খ্রিঃ তারিখের নং-৪৫.০০.০০০০ .১৭৩.২৭.০১২.১৯-৩৮ নং স্মারকে জনাব কাজী মোঃ মশিউর রহমান, পিতা-কাজী মোঃ মোজাহারুল হক, সিনিয়র স্টাফ নার্স, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর-কে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণের দায়ে একই বিধিমালা ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী "সরকারি চাকরি থেকে বরখাস্ত" (Dismissal) করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

অঃপৃঃদ্রঃ

১০। সেহেতু, এক্ষনে বিভাগীয় মামলা সংক্রান্ত সকল কাগজপত্রাদি পর্যালোচনান্তে এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের মতামতের ভিত্তিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের নির্দেশনার প্রেক্ষিতে জনাব কাজী মোঃ মশিউর রহমান, পিতা-কাজী মোঃ মোজাহারুল হক, সিনিয়র স্টাফ নার্স, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর-কে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী **অসদাচরণের অভিযোগের** দায়ে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তাকে গুরুদন্ড অর্থাৎ **"সরকারি চাকরি থেকে বরখাস্ত (Dismissal)"** করা হলো।

(সিদ্দিকা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,
মহাখালী, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১৯.১৯/ ৬৩৮/১(৫৬)

তাং- ২১/১৪ /১৪২৮বঙ্গাব্দ।
০৫/৮ /২০২১খ্রীষ্টাব্দ।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়);

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। চিফ একাউন্ট এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্সের কার্যালয়, হিসাব বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬। পরিচালক, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর।
৭। সিভিল সার্জন, রংপুর।
৮। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
৯। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ বিজ্ঞপ্তিটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
১০। সহকারী পরিচালক (নার্সিং), বিভাগীয় স্বাস্থ্য পরিচালকের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
১১। সেবা তত্ত্বাবধায়ক, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর।
১২। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস, রংপুর।
১৩। জনাব কাজী মোঃ মশিউর রহমান, পিতা-কাজী মোঃ মোজাহারুল হক, সিনিয়র স্টাফ নার্স, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর।
১৪। জনাব কাজী মোঃ মশিউর রহমান, পিতা-কাজী মোঃ মোজাহারুল হক, সিনিয়র স্টাফ নার্স, গ্রামঃ ধান খালিয়া, পোঃ রথের বাজার, উপজেলাঃ গোবিন্দগঞ্জ ও জেলাঃ গাইবান্ধা।
১৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৬। অফিস কপি।

৫/০৮/২১
(সিদ্দিকা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,
মহাখালী, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর
মহাখালী ১২১২ ঢাকা।
www.dgnm.gov.bd

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১০৮.২১ - ৩২৬

তারিখঃ ২১/৪/২৮ বঙ্গাব্দ
০৫/৮/২১ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

আপনি জনাব ফরিদা ইয়াসমিন, পিতাঃ মোঃ আছমত আলী ফকির, সিনিয়র স্টাফ নার্স , ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা গত ০২/০২/২০২১ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন। ২০/০৪/২০২১ খ্রিঃ তারিখের ঢামেকাহা/সেবা-প্রশাঃ/৩০৩২ নং স্মারকে স্থানীয় কর্তৃপক্ষ কৈফিয়ত তলব করে আপনার স্থায়ী ও বর্তমান ঠিকানায় পত্র প্রেরণ করা হলেও আপনি এ বিষয়ে এখন পর্যন্ত কোন জবাব প্রদান করেননি। যা সরকারি শৃঙ্খলা ও আচারণ বিধিমালার পরিপন্থী এবং শাস্তিযোগ্য অপরাধ।

২। বর্ণিতাবস্থায়, উল্লেখিত অভিযোগের প্রেক্ষিতে কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

০৫/০৮/২১

মোঃ নাসির উদ্দিন
উপসচিব
পরিচালক (প্রশাসন ও শৃংখলা)

ফরিদা ইয়াসমিন,
পিতাঃ মোঃ আছমত আলী ফকির
সিনিয়র স্টাফ নার্স , ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১০৮.২১ . ৩২৬

তারিখঃ ২১/৪/২৮ বঙ্গাব্দ
০৫/৮/২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা
২। সেবা তত্ত্বাবধায়ক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা
৩। উপপরিচালক (পিএমাইএস শাখা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, (আদেশটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো )।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। অফিস কপি।

০৫/৮/২০২১

রেবেকা খাতুন
সহকারী পরিচালক (শৃংখলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৫২.১৯.

তারিখ-------------- /১৪২৮ বঙ্গাব্দ
/২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতায় নার্সিং ইনস্টিটিউট, নোয়াখালীতে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারি কোর্সে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত কমিটিতে সম্পৃক্ত সকলের নাম, পিতার নাম, পদবী, নার্সিং ইনস্টিটিউটে যোগদানের তারিখ এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত সকল তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের, নার্সিং শিক্ষা শাখার স্মারক নং ৫৯.০০.০০০০.২৭.০১.২০১৯.১৬২, তারিখঃ ২১/০৮/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সুত্রে জনাব খালেদা খানম, পিতা- মোঃ মোবারক উল্ল্যা, নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, নোয়াখালী এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে সিদ্ধান্ত গ্রহনের লক্ষ্যে নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, নোয়াখালীকে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারি কোর্সে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত কমিটিতে সম্পৃক্ত সকলের নাম, পিতার নাম, পদবী, নার্সিং ইনস্টিটিউটে যোগদানের তারিখ এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ভর্তি বিষয়ের সকল তথ্য আগামী ১০ কমদিবসের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
ই-মেইলঃ info@dgnm.gov.bd

নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ
নার্সিং ইনস্টিটিউট
নোয়াখালী

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৫২.১৯. ৬২২/১(৫)

তারিখ ২২/৪ /১৪২৮ বঙ্গাব্দ
০৫/৮ /২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ পত্রটি এ অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৪। অফিস কপি।

০৫/০৮/২১

মোঃ নাসির উদ্দিন
উপসচিব
পরিচালক (প্রশাসন ও শৃংখলা)